



০০০০ ০০০০

০০০০০০০০ ০০০০০০০০ ০ ০০০০০০ ০০০০০০০০০ ০০০০০০ ০০০ ০০০০০০০০০ ০০০০০০ ০০০০০০০০০ (০০০০০০০০)

Job Category: Driving/Motor Technician

Job Source: The Daily Star

Job Summary

Posted On: 18 Oct 2024

Application Deadline: 7 Nov 2024



বাংলাদেশ অত্যাব্যশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট (বারপার্ট)

বাড়ি নং-৫/৭ (৪র্থ তলা), ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭

স্মারক নং-বারপার্ট/প্রশাসন/জনবল নিয়োগ/২০২৪/১৫

তারিখ : ১ কার্তিক ১৪৩১
১৭ অক্টোবর ২০২৪


পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ অত্যাব্যশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট (বারপার্ট)-এ নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের জন্য বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্র. নং | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|------------|---|-----------|------------|---|
| ০১. | গাড়ি চালক | গ্রেড - ১৬ ৯,৩০০-২২,৪৯০/- | ০২ | ২১-৩০ বৎসর | (ক) ৮ম শ্রেণি উত্তীর্ণ। (খ) হালকা/মধ্যম পর্যায়ের গাড়ি চালানোর বৈধ পেশাদার লাইসেন্সসহ গাড়ি চালনায় ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

আবেদনের শর্তাবলী :

০১. নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ শ্রাবণ ১৪৩১/২৩ জুলাই ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নং পরিপত্রে উল্লিখিত কোটা সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হবে।
০২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পদের নাম, পিতা-মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, জাতীয়তা, অভিজ্ঞতা, ই-মেইল ও মোবাইল/ফোন নম্বর ইত্যাদি তথ্য উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
০৩. জাতীয় পরিচয়পত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, নাগরিকত্ব ও জন্মনিবন্ধন সনদ ইত্যাদির সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত রঙিন ছবি আবেদনপত্রের সংঙ্গে সংযুক্ত করতে হবে।
০৪. খামের উপর স্পষ্ট করে পদের নাম লিখতে হবে। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। ৮ম শ্রেণি উত্তীর্ণ সনদ-এ উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী বয়স নির্ধারিত হবে। **০৭ নভেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ২১-৩০ বৎসরের মধ্যে হতে হবে।** তবে বীর মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাজনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। ইতিপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের ক্ষেত্রে পূর্ববর্তী বয়সের শর্ত বহাল থাকবে।
০৫. মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সংঙ্গে দাখিলকৃত সকল সনদ/অভিজ্ঞতার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
০৬. আবেদনপত্র প্রেরণের ঠিকানা (প্রাপক): বরাবর, পরিচালক, বাংলাদেশ অত্যাব্যশ্যক ও প্রজনন স্বাস্থ্য উন্নয়ন এবং প্রযুক্তি গবেষণা ইনস্টিটিউট (বারপার্ট), বাড়ি নং-৫/৭ (৪র্থ তলা), ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭। এই ঠিকানায় আগামী **০৭/১১/২০২৪ তারিখ অফিস চলাকালীন** সময়ে বিকাল ৫.০০ টার মধ্যে আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। সরাসরি অথবা নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবেনা।
০৭. গত **১০/১১/২০২১ ও ১২/১১/২০২১ এবং ৯/১২/২০২২, ১০/১২/২০২২ এবং ১১/১২/২০২২** তারিখে পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন, তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
০৮. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
০৯. প্রার্থীকে লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. কেবলমাত্র লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে।
১১. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহারের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২. অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কোনো কারণে নিয়োগের যে কোনো পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল বা সংশোধন করা হলে কোন দরখাস্তকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবেন না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না।
১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


১৭/১০/২০২৪
(মোঃ হোসাইনুজ্জামান)
সদস্য-সচিব

বারপার্ট-এর 'গাড়িচালক' এবং 'অফিস সহায়ক' পদে জনবল নিয়োগ সংক্রান্ত উপ-কমিটি